

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ আশাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/ ০৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৩২-আইন/২০১৭।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬, ধারা ৪৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতবলে সরকার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৮। বাছাই কমিটি।—(১) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমষ্টিয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা:—

- (ক) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন;
- (খ) উপজেলা প্রকৌশলী;
- (গ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;
- (ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান;
- (ঙ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

( ৭৭০৩ )  
মূল্য : টাকা ৮.০০

- (২) বাছাই কমিটি তফসিল-৩ এ উল্লিখিত তথ্যাদিসহ সুপারিশকৃত প্রার্থীর তালিকা প্রস্তুত করিবে।
- (৩) বাছাই কমিটির নিকট হইতে প্রাপ্ত সুপারিশের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার মহল্লাদার নিয়োগ প্রদান করিবেন এবং উপজেলা পরিষদের পরবর্তী সভায় উহা অবগতির জন্য উপস্থাপন করিবেন।”; এবং
- (খ) বিধি ৯ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৯ প্রতিস্থাপিত হইবে, যথা:—
- “৯। পদোন্নতি কমিটি।—(১) দফাদার পদে, পদোন্নতির ক্ষেত্রে, বিধি ৮ এর উপ-বিধি (১) এ বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি পদোন্নতি কমিটি গঠিত হইবে।
- (২) উপ-বিধি (১) এ বর্ণিত পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার দফাদার পদে পদোন্নতি প্রদান করিবেন এবং উপজেলা পরিষদের পরবর্তী সভায় উহা অবগতির জন্য উপস্থাপন করিবেন।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক  
সচিব।